# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**24 JULY 2025** **7:35—7:40 AM IST**

==========================================================

রাজ্যে আগামী ১২ই আগষ্ট ১০ টি সমজেলার কাজ শুরু করা ,পুলিশ সুপারের ১০ টি পদ সৃষ্টি করা এবং আসাম পুলিশের নতুন থানা , ব্যারাক , সাইবার থানা নির্মাণের জন্য গঠিত মিশন মৈত্রী নামের সোসাইটিকে ১৫০ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে বলে মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন । গতকাল ডিব্রুগড়ে রাজ্য মন্ত্রীসভার বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা জানান ----

বাইট

রাজ্যে শিক্ষাক্ষেত্রে জন্য বিশ্ববেংক থেকে ২ হাজার ৭৫০ কোটি টাকা ঋণ গ্রহণ করার বিষয়ে মন্ত্রী সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় । মুখ্যমন্ত্রী বলেন যে এই ঋণের একটি অংশ শিক্ষকদেরকে বিজ্ঞান ও অংকের প্রশিক্ষণ প্রদান করা সহ প্রধান শিক্ষককে ব্যবস্থাপনা সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করার কাজে ব্যবহার করা হবে । এছাড়া ৪০০ টি স্কুলকে ৩ থেকে ৫ কোটি টাকা করে প্রদান করা হবে বলে তিনি জানান ।

---------------------------------------------------------------------------------

আসাম ও মেঘালয়ে পাঁচদিনের সফরসূচী নিয়ে আসা আকাশবাণীর সঞ্চালক প্রধান ডঃ প্রজ্ঞা পালিয়াল গৌড় আজ শিলং-এ মেঘালয়ের আকাশবাণী কেন্দ্রগুলির কাজকর্মের পর্যালোচনা করবেন । ডঃ পালিয়াল গৌড় আগামীকাল বিকেলে গুয়াহাটি আসবেন এবং আগামী ২৬শে জুলাই গুয়াহাটিতে আসামের আকাশবাণী কেন্দ্রগুলির কাজকর্মের পর্যালোচনা করবেন । আগামী ২৭শে জুলাই ডঃ গৌড় নতুন দিল্লি ফিরে যাবেন ।

---------------------------------------------------------------------------------

এদিকে সঞ্চালক প্রধান ডঃ প্রজ্ঞা পালিয়াল গৌড় গতকাল শিলং-এ আকাশবাণীর ৯০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত এক সঙ্গীতানুষ্ঠানে অংশগ্রহণ করেন । এই অনুষ্ঠানে মেঘালয় সরকারের আয়ুক্ত সচিব ডঃ বি ডি আর তিওয়ারি এবং আকাশবাণী-উত্তর পূর্বাঞ্চলের দায়িত্বে থাকা অতিরিক্ত সঞ্চালক প্রধান আশিস ভাটনগর সহ বহু

বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন । সঙ্গীতানুষ্ঠানে আকাশবাণী গুয়াহাটি, শিলঙ, আগরতলা, ইম্ফাল, ইটানগর, কোহিমা এবং গ্যাংটক কেন্দ্রের অনুমোদিত সঙ্গীত শিল্পীদের সঙ্গীতানুষ্ঠান সকলকে আপ্লুত করেছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর পৌর নিগম এলাকার মধ্যে শীঘ্র একটি হকার জোন গঠন করা হবে যেখানে ক্ষুদ্র ব্যবসায়ীরা সম্মানের সঙ্গে ব্যবসা করতে পারবেন। শিলচর পৌর নিগমের পক্ষ থেকে জানানো হয়েছে যে শিলচর শহরকে যানজট মুক্ত রাখতে উচ্ছেদ অভিযান আগামীতেও অব্যাহত থাকবে। উল্লেখ্য, গতকালও শিলচর সেন্ট্রাল রোড, প্রেমতলা, শিলংপট্টি, পার্ক রোড, ক্যাপিটেল পয়েন্টে দখল করে রাখা ফুটপাত দখলমুক্ত করা হয়েছে।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে এবং শ্রীভূমি জেলার মহিলা ও শিশু বিকাশ বিভাগের সহযোগিতায় কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের নেশা মুক্ত ভারত অভিযানের অধীনে গতকাল শ্রীভূমি শহরে একটি সচেতনতা র‍্যালী বের করা হয় । র‍্যালিটি শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে পরে আর্বত ভবনে এসে শেষ হয় । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী আজ আয়ুক্তের কার্যালয় প্রাঙ্গন থেকে একটি প্রচার ভ্যানের সূচনা করেন । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি জানান যে ১৫ থেকে ২৫ বছরের যুবকদের নেশার করাল গ্রাসে পড়ার সম্ভাবনা বেশী থাকে । গণ সচেতনতার মাধ্যমেই যুব সমাজকে নেশার কু-প্রভাব থেকে মুক্ত রাখা সম্ভব বলে জেলা আয়ুক্ত শ্রী দ্বিবেদী জানিয়েছেন । জেলা আয়ুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে মাদকের কুফল সর্ম্পকে সচেতনতা গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেন ।

---------------------------------------------------------------------------------------

কৃষক ও সমবায় সদস্যদের সরাসরি উপকৃত করতে দীর্ঘ মেয়াদি ও স্বচ্ছ ব্যবস্থা গড়ে তোলা হবে। গতকাল কাছাড় জেলা সমবায় উন্নয়ন কমিটির বৈঠকে পৌরহিত্য করে জেলা আয়ুক্ত মৃদুল যাদব একথা জানিয়েছেন। ভারতীয় খাদ্য নিগমের মানদন্ড অনুযায়ী কাছাড় জেলায় পাঁচ হাজার মেট্রিক টনের ক্ষমতা যুক্ত গোদাম নির্মান করা হবে বলেও সভায় সিদ্ধান্ত হয়েছে।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির ব্যবস্থাপনায় আগামী ২৭শে জুলাই , রবিবার এ মাসের নাটক পর্বে মঞ্চস্থ হবে দুটি

একাঙ্ক নাটক । শিলচর বঙ্গভবন প্রেক্ষাগৃহে সামাজিক,সাংস্কৃতিক ও ক্রীড়া সংগঠন রূপমের পরিবেশনায় মঞ্চস্থ হবে নাটক প্রণয় বিভ্রাট ও গোধূলি লগ্ন । সন্ধ্যা সাড়ে ছটায় নাটক শুরু হবে ।

----------------------------------------------------------------------------------------

অসম ক্রিকেট সংস্থা য়োজিত আরজি বরুয়া অনুর্ধ-১৬ আন্ত:জেলা ক্রিকেট প্রতিযোগিতার দক্ষিণাঞ্চলের গতকালের খেলায় প্রথম ইনিংসে লিড পাওয়ায় ঘরুয়া দল হাইলাকান্দি বিজয়ী হয়েছে। হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত ম্যাচের দ্বিতীয় দিনে টসে জিতে শিলচর দল প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেয়। শিলচর দল ব্যাট করে ১০৪ রানে ইনিংসে সাত উইকেটে ১৪৩ রান করে ডিকলিয়ার ঘোষণা করে। দিনের বাকি সময় শিলচর দল ব্যাট করে দুই ইউকেট হারিয়ে ৫৩ রান সংগ্রহ করে। হাইলাকান্দি দল প্রথম ইনিংসে ৩৯ রানে লিডে থাকায় জয়ী হিসেবে ঘোষণা করা হয়।

----------------------------------------------------------------------------------------

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় ইয়ুথ ব্লুমিং ক্লাব মূখোমূখি হবে মার ব্রার্দাসের বিরুদ্ধে ।

পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় নাংখিয়াং এফ সি দল ৭-৩ গোলে চিক্কুর এফ সি দলকে পরাজিত করে।

----------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্টালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব শিলচর অনন্তের সহযোগিতায় আজ কালাইন কুরকুরি প্রথম খন্ডের নিউ এলপি স্কুলে বিনামূল্যে চোখের ছানী সনাক্তকরণ শিবির অনুষ্ঠিত হবে। শিবির সকাল ১০ টায় শুরু হবে।

----------------------------------------------------------------------------------------

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী ২৭শে জুলাই গণিরগ্রাম গ্লোবাল ইংলিশ স্কুলে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

----------------------------------------------------------------------------------------